গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
মহাপরিচালকের দপ্তর
প্রাপ্তি নং
তারিখ
☐ পরিচালক
☐ প্রকল্প পরিচালক
☐ উপ-পরিচালক
☐ সহকারী পরিচালক
.......... ..........তারিখের মধ্যে
নথিতে দিবেন/আলাপ করুন।
মহাপরিচালক

পরিচালক (মাধ্যমিক) এর দপ্তর
ডায়েরী নং..........তারিখ..........
উপপরিচালক (মাধ্যঃ/বিঃ)
সহঃ পরিচালক (১/২/কলেজ-৪)
..........তারিখের মধ্যে
নথিতে দিন/আলাপ করুন।
পরিচালক (মাধ্যমিক)

**স্মারক নম্বর:** ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০১.২৪.৩৪৪

তারিখ: ২০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৩ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: শেখ রাসেল পদক ২০২৪ এর প্রচার এবং অধিক সংখ্যক গুণগত আবেদন প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১৮ অক্টোবর ২০২৪ দেশব্যাপী ৪র্থ বারের মত জাতীয়ভাবে 'শেখ রাসেল দিবস ২০২৪' উদ্‌যাপিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে শেখ রাসেল পদক ২০২৪ এর জন্য আবেদন আহবান করে ২৭ মার্চ ২০২৪ খ্রি. তারিখ বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। আবেদনের শেষ সময় ১৫ মে ২০২৪ খ্রি. রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত। ০২টি দৈনিক ইংরেজী ও ০৫টি বাংলা পত্রিকায় বিজ্ঞপ্তিটি প্রকাশ করা হয়েছে। ৬টি বেসরকারি স্যাটেলাইট টিভি চ্যানেল ও ১০টি অনলাইন নিউজ পোর্টালে পর্যায়ক্রমে বিজ্ঞপ্তিটি প্রচার করা হচ্ছে। সকল মোবাইল ব্যবহারকারীর নিকট বিজ্ঞপ্তিটি পৌছানোর নিমিত্ত বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনকে অনুরোধ করা হয়েছে। বিভিন্ন মন্ত্রণালয়, দপ্তর, সংস্থা, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারদের সাথে অবহিতকরণ সভা করা হয়েছে।

০২। শেখ রাসেল পদক প্রদানের উদ্দেশ্য হলো ভবিষ্যৎ বাংলাদেশের কর্ণধার তথা বর্তমান প্রজন্মের শিক্ষার্থী/শিশু-কিশোররা শেখ রাসেলের মানবিক প্রত্যয়কে হৃদয়ে ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ গড়ার শক্তিতে বলীয়ান হিসেবে গড়ে তোলা। ব্যক্তিগত ৮টি ও প্রাতিষ্ঠানিক ২টি ক্ষেত্রে শেখ রাসেল পদক ২০২৪ প্রদান করা হবে। প্রতিক্ষেত্রে বিজয়ীরা ১৮ ক্যারেটের ১ ভরি ওজনের একটি স্বর্ণপদক, সম্মাননাপত্র ও একটি উন্নতমানের ল্যাপটপ পাবে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৮ অক্টোবর ২০২৪ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকায় বিজয়ীদের হাতে উক্ত পুরস্কার তুলে দিবেন আশা করা যাচ্ছে। জাতীয় পর্যায়ে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর ব্যক্তিগত ৮টি ক্ষেত্রে ও শিশু-কিশোরদের শিক্ষা/উন্নয়নের সাথে সম্পৃক্ত সরকারি/বেসরকারি বাংলাদেশী প্রতিষ্ঠানসমূহ প্রাতিষ্ঠানিক ২টি ক্ষেত্রে আবেদন করতে পারবে। www.award.sheikhrussel.gov.bd প্ল্যাটফর্মে নিবন্ধন ও আবেদন করা যাবে। www.doict.gov.bd, www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইটে এ সংক্রান্ত বিস্তারিত তথ্য রয়েছে।

০৩। এমতাবস্থায়, অধীনস্ত দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহে শেখ রাসেল পদক ২০২৪-বিজ্ঞপ্তির অধিক প্রচার, প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং অধিক সংখ্যক নির্ভুল আবেদন প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ
১। শেখ রাসেল পদক-২০২৪ বিজ্ঞপ্তি
২। শেখ রাসেল পদক নীতিমালা ২০২২

০৩-০৫-২০২৪
মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক
+৮৮ ০২-৪১০২৪০৭২ (ফোন)
+৮৮ ০২-৫৫০০৬৮৮২ (ফ্যাক্স)
dg@doict.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়;
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ;
৩। সিনিয়র সচিব, পররাষ্ট্র সচিবের দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয়;

৪। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;

৫। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;

৬। সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;

৭। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;

৮। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ;

৯। সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়;

১০। সচিব, সচিব মহোদয়ের দপ্তর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়;

১১। সচিব , সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়;

১২। সচিব , সচিবের দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়;

১৩। সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;

১৪। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়;

১৫। সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;

১৬। সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়;

১৭। সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ ;

১৮। নির্বাহী পরিচালক (গ্রেড-১), নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল;

১৯। ব্যবস্থাপনা পরিচালক (গ্রেড-১), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ;

২০। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, জাতীয় সাইবার নিরাপত্তা এজেন্সি;

২১। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), প্রকল্প পরিচালকের দপ্তর, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম;

২২। নিয়ন্ত্রক, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ) এর কার্যালয়;

২৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর;

২৪। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;

২৫। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর;

২৬। মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর;

২৭। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর;

২৮। প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব), প্রধান তথ্য অফিসার এর দপ্তর, তথ্য অধিদফতর;

২৯। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ শিল্পকলা একাডেমি;

৩০। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি;

৩১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান;

৩২। মহাপরিচালক, বাংলা একাডেমী।;

৩৩। মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো।;

৩৪। নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প)।;

৩৫। নির্বাহী পরিচালক, সিআরআই।;

৩৬। চেয়ারম্যান, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ।;

৩৭। মহাসচিব, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ।;

৩৮। উপদেষ্টা (সকল), শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ।;

৩৯। সাংগঠনিক সচিব, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ। এবং

৪০। সাংগঠনিক সম্পাদক, শেখ রাসেল জাতীয় শিশু-কিশোর পরিষদ।।

**স্মারক নম্বর:**

তারিখ: ২০ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৩ মে ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);

২। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং

৩। অফিস কপি।।

০৩-০৫-২০২৪
মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.doict.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০৪৩.২৪.২৯৩

তারিখ: ১৩ চৈত্র ১৪৩০ / ২৭ মার্চ ২০২৪

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ 'শেখ রাসেল পদক ২০২৪' এর জন্য আবেদন আহ্বান।**

স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের অমর স্মৃতি শিক্ষার্থী এবং শিশু-কিশোরদের মধ্যে জাগ্রত রাখার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ১৮ অক্টোবর শেখ রাসেলের জন্মদিনকে 'শেখ রাসেল দিবস' হিসেবে ঘোষণা করেছে। এরই প্রেক্ষিতে আগামী ১৮ অক্টোবর ২০২৪ দেশব্যাপী 'শেখ রাসেল দিবস' পালিত হবে। উক্ত দিবস উপলক্ষ্যে অনূর্ধ্ব ১৮ বছর বয়সী বাংলাদেশী শিশু-কিশোর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে জাতীয় পর্যায়ে বিভিন্ন ক্যাটাগরিতে **'শেখ রাসেল পদক ২০২৪'** প্রদান করার জন্য অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। আবেদন দাখিল, যাচাই-বাছাই, মূল্যায়ন ও ঘোষণার তফসিল নিম্নরূপঃ

| পর্যায় | সময়সীমা |
|---|---|
| আবেদন আহ্বান/বিজ্ঞপ্তি প্রকাশ | ২৮ মার্চ |
| আবেদন দাখিল | ০১ এপ্রিল - ১৫ মে |
| যাচাই-বাছাই কমিটি কর্তৃক বাছাইকরণ | ১৬ মে - ৩০ জুন |
| মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন কার্যক্রম সম্পন্নকরণ | ০১ জুলাই - ৩১ আগস্ট |
| কেন্দ্রীয় কমিটি কর্তৃক চূড়ান্তকরণ | ০১ সেপ্টেম্বর - ৩০ সেপ্টেম্বর |
| ঘোষণা | ১৮ অক্টোবর |

উল্লিখিত আবেদনের সময়সূচি অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

১. 'www.sheikhrussel.gov.bd' ওয়েবসাইটে প্রবেশ করে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্রের তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অস্পষ্ট এবং নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
২. আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় প্রমাণক আবশ্যিকভাবে দাখিল করতে হবে;
৩. পুরস্কার প্রদানের ক্ষেত্রে পূর্ববর্তী সর্বাধিক ০৩ ক্যালেন্ডার বছর অর্থাৎ ২০২১, ২০২২ ও ২০২৩ (জানুয়ারি-ডিসেম্বর) এর কর্মকাণ্ড বিবেচনাপূর্বক 'শেখ রাসেল পদক ২০২৪' প্রদান করা হবে;
৪. শেখ রাসেল পদক এর কোনো ক্ষেত্রে একবার পুরস্কার প্রাপ্ত হলে, ঐ ব্যক্তি বা প্রতিষ্ঠান একই উদ্ভাবন বা অবদানের জন্য পরবর্তীতে আর বিবেচিত হবেন না;
৫. প্রাতিষ্ঠানিক আবেদনের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানকে আবেদন করতে হবে;
৬. আবেদন দাখিলের ক্ষেত্রে 'শেখ রাসেল পদক নীতিমালা ২০২২' অনুসরণ করতে হবে।
৭. উক্ত নীতিমালা এবং বিস্তারিত তথ্যের জন্য www.doict.gov.bd, www.ictd.gov.bd এবং www.sheikhrussel.gov.bd ওয়েবসাইট ভিজিট করার অনুরোধ করা হলো।

২৭/০৩/২০২৪

মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮০ ২৪১ ০২৪০৭২
ই-মেইল: dg@doict.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩-৮২১ তারিখ : ১২/০৫/২০২৪খ্রি.

উপরোল্লিখিত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

12/05/2024

(এস এম জিয়াউল হায়দার হেনরী)
সহকারী পরিচালক (মাধ্যমিক-২)
☎ ৪১০৫০১১৮

**বিতরণ:**

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ (সকল)
২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, বেসরকারি নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও স্কুল এন্ড কলেজ (সকল)

**অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-**

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা;
২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল);
৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল);
৪। জেলা শিক্ষা অফিসার, (সকল);
৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল);
৬। সভাপতি,..................................................;
৭। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৮। পিএ টু পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৯। সংরক্ষণ নথি